



দিন কাটে

বেলা গড়াল
দিনও কাটল
দুপুর গড়িয়ে বিকেল শেষে
ঝুপ করে সন্ধ্যা নামল এসে
পাখী ডানা মেলে
উড়ে গেল নীড়ে
পাপগত দিনক্ষয়ের সংঘর্ষ শেষ
সে বসে থাকে হয়ে নির্নিমেষ
সাঁঝের তুলসী দীপ্যমান দুয়ারে
আজকের মত সূর্য আবার লাল হল
তুলে তুলে চোখের পাতা এক করে
মায়ের কোলে শিশু হাসলো
সবাই আবার কুলায়ে ফিরল
হাঁটাচলার পথ - জনারণ্য শান্ত হল
তবু তার ঘরে ফেরা আর হলনা তো
তাকে কি কেউ একবারও ডেকেছিল
পথ হয় শেষ যাত্রী থামেনা খোঁজে নতুন পথ
নতুন আকাশ আবার দিন শুরু আবার শপথ
মানবমনের এই মরুভালিতে শুধুই ক্যাকটাসের ভিড়
কোথায় পাবে সে একটি মুখ ও খোলা আকাশের নীচে নিড়

বৈশাখী মিত্র